

ছাত্রীকে যৌন হয়রানি  
রোকেয়া বিশ্ববিদ্যালয়ে  
শিক্ষক-শিক্ষার্থীদের  
মানববন্ধন, সমাবেশ

■ রংপুর অফিস  
এক ছাত্রীকে ছাত্রলীগের নেতা কর্তৃক জোর করে প্রেম আদায়সহ যৌন হয়রানির ঘটনায় রংপুর বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি উত্তপ্ত হয়ে উঠেছে। ক্যাম্পাসে চলছে ছাত্রলীগের দু'গ্রুপের মহড়া। অপ্রীতিকর ঘটনা এড়াতে সেখানে বাড়তি পুলিশ মোতায়েন করা হয়েছে। গতকাল বুধবার ক্যাম্পাসে শিক্ষক-শিক্ষার্থীদের লাঞ্ছনাকারী সন্ত্রাসীদের আইনের আওতায় এনে শাস্তির দাবিতে মানববন্ধন সমাবেশ করা হয়েছে। সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে ওই মানববন্ধন সমাবেশে অংশ নেন বিভিন্ন বিভাগের শিক্ষার্থীসহ শিক্ষকরা। সমাবেশে বক্তারা বলেন, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী কার্যক্রম বেড়ে চলেছে। শিক্ষক-শিক্ষার্থী কর্মকর্তা-কর্মচারী লাঞ্ছিত হচ্ছেন। এতে বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি অস্থিতিশীল হওয়ায় শিক্ষার পরিবেশ নষ্ট হচ্ছে। বিভিন্ন রাজনৈতিক দলের ব্যানারে সন্ত্রাসীরা অপরাধমূলক কর্মকাণ্ড করে যাচ্ছে। তাই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অবিলম্বে এসব সন্ত্রাসীর বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে।

সমাবেশে বক্তব্য রাখেন শিক্ষক ড. তুহিন ওয়াদুদ, ওমর ফারুক, আপেল মাহমুদ, শিক্ষার্থী চেতনা রায়, যমিনুল হকসহ অন্যান্য। বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিংয়ের প্রথম বর্ষের ছাত্রী উম্মে হাবিবা আশ্যাকে পরিসংখ্যান বিভাগের প্রথম বর্ষের ছাত্র ছাত্রলীগ নেতা ওড. বৈশ কিছু দিন ধরে প্রেম নিবেদন, যৌন হয়রানিসহ উত্ত্যক্ত করে আসছিলেন। পরে বিষয়টি আশা তার সহপাঠীসহ বেরোবি বহিষ্কৃত ছাত্রলীগের নেতা হাদী গ্রুপকে জানালে হাদী গ্রুপের মোহাম্মদ আলী রাজ ওভকে শাসন। এ সংবাদ পেয়ে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ শাখার সভাপতি শিশির গ্রুপের নেতাকর্মীদের সঙ্গে হাদী গ্রুপের সংঘর্ষ বেধে যায়।